



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা



বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

নম্বর ৩৭.২৪.০০০০.০০৩.৩২.০০১.২১.২

তারিখ: ২২ পৌষ ১৪২৮

০৬ জানুয়ারি ২০২২

উপবৃত্তি বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২২ অর্থবছরে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ (৩য় বর্ষ, ২য় বর্ষ এবং ১ম বর্ষ) শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নিকট থেকে উপবৃত্তির আবেদন আহ্বান করা হচ্ছে।

ক. উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <http://estipend.pmeat.gov.bd> লিংক-এ প্রবেশ করে অনলাইনে নিবন্ধন করতে হবে;

খ. নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা বর্ণিত ওয়েবসাইটে ব্যবহার নির্দেশিকায় পাওয়া যাবে;

গ. উক্ত সফটওয়্যারে তথ্য এন্ট্রির জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ পূর্বের User ID ও Password ব্যবহার করে অথবা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সফটওয়্যারের User ID ও Password ব্যবহার করেও লগইন করতে পারবেন;

ঘ. ব্যবহার নির্দেশিকার শর্তাবলি অনুসরণপূর্বক আগামী ০৯/০১/২০২২ থেকে ১০/০২/২০২২ তারিখ পর্যন্ত সিস্টেম ব্যবহার করে অনলাইনে শিক্ষার্থীরা আবেদন করতে পারবে;

ঙ. সামগ্রিক প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ২৮/০২/২০২২ তারিখের মধ্যে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সিস্টেম ব্যবহার করে অনলাইনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্বাচিত শিক্ষার্থীদের তালিকার কোন হার্ড কপি প্রেরণের প্রয়োজনীয়তা নাই।

৬-১-২০২২

নাসরীন আফরোজ

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২-৮১৯২২০০

ইমেইল: md@pmeat.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪) বিজ্ঞাপন ম্যানেজার, **Dhaka Tribune**, ৮/সি, পাছপথ, শূক্ৰাবাদ, ঢাকা-১২০৭, (৩ কলাম ৬ ইঞ্চি সাইজের বিজ্ঞাপনটি আগামী ২ দিনের মধ্যে শেষের পাতায় প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)
- ৫) বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক প্রথম আলো, সিএ ভবন, ১০০ নজরুল ইসলাম এভিনিউ, কাওরানবাজার ঢাকা, (৩ কলাম ৬ ইঞ্চি সাইজের বিজ্ঞাপনটি আগামী ২ দিনের মধ্যে শেষের পাতায় প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)
- ৬) বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি স্মরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা, (৩ কলাম ৬ ইঞ্চি সাইজের বিজ্ঞাপনটি আগামী ২ দিনের মধ্যে শেষের পাতায় প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)
- ৭) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯) সকল কর্মকর্তা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট